

বৈশিষ্ট্য

তারিখ
স্থান

১৯৫৩

ছাত্রদলের কার্যক্রম গতিশীল করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ দীর্ঘ সাড়ে ৮ মাস স্থবির থাকা ছাত্র দলের কার্যক্রম আবার নব উদ্দীপনায় গতিশীল করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান এমপি প্রধানমন্ত্রীর এই নির্দেশের পর গতকাল শুক্রবার ছাত্রদলের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেন। আমান (২য় পৃষ্ঠায় ৪-এর কঃ প্রঃ)

ছাত্র দলের কার্যক্রম (১ম পৃঃ পর)

জানান, অচিরে ছাত্রদলের নয়া কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হবে। স্থবিরতা কাটিয়ে তুলে সন্ত্রাসমুক্ত শিক্ষাসন প্রতিষ্ঠার সহায়ক শক্তি হিসেবে ছাত্রদলকে একবিংশ শতাব্দীর উপযোগী, সৃজনশীল ও মেধানির্ভর ছাত্র সংগঠনে পরিণত করতে নব আঙ্গিকে প্রতিটি শাখা কমিটিকে তেলে সাজানো হবে। গতকাল বিকাল ৩ টায় নয়াপল্টনস্থ বিএনপির কার্যালয়ে এই ছাত্রদলের জরুরী সভায় সভাপতিত্ব করেন দলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি মনির হোসেন। পরিচালনা করেন মোস্তাফিজুল ইসলাম মামুন। আজিজুল বারী হেলাল, ফরহাদ হোসেন আজাদ, আলী হায়দার লেনিন, শহীদুল ইসলাম বাবুল প্রমুখ উপস্থিত ছিলেন।

আমান বলেন, ছাত্রদলকে আওয়ামী-বাকশালী চক্রের 'ঘোলা পানিতে মাছ শিকারের' ষড়যন্ত্র সম্পর্কে সজাগ থাকতে হবে। তিনি বলেন, ছাত্রদল ছাত্র রাজনীতির সোনালী অতীত ঐতিহ্য আবার ফিরিয়ে আনবে। এই সভা থেকে তারেক রহমান বিএনপির ১ নং যুগ্ম-মহাসচিব নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন জ্ঞাপন করা হয়।

বিএনপির একজন নেতা জানান, ক্যাম্পাসে গত কয়েকদিনের ঘটনা প্রবাহে ছাত্রদল সক্রিয় না থাকায় বামপন্থী ছাত্র সংগঠনের প্রচ্ছন্ন ছত্রছায়ায় আন্দোলন হতে পেরেছে। ছাত্রদল গতিশীল থাকলে এটা হতে পারতো না।

উল্লেখ্য, গত ১৭ই নভেম্বর প্রধানমন্ত্রীর নির্দেশে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত করা হয়। পরে দলের সভাপতি নাসির উদ্দিন পিন্টু এমপি দল থেকে পদত্যাগ করেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শাখা কমিটির কার্যক্রমও স্থবির হয়ে আসতে থাকে।